



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৪৭-৮৬০৫১৫

ই-মেইল : dqmlad1@rakub.org.bd

ওয়েব সাইট : www.rakub.org.bd

ঋণঅবি-১ সার্কুলার লেটার নং-০২/২০১৯

তারিখ: ১৬.০৯.২০১৯

১. সকল জোনাল ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
২. সহকারী মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
৩. সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়: মঞ্জুরিপত্রের শর্ত পরিপালনে ব্যর্থতার কারণে সংশ্লিষ্ট ঋণ হিসাবে অতিরিক্ত ২% হারে সুদ আরোপ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে গত ১৬.০৯.২০১৮ তারিখে ঋণঅবি-১ সার্কুলার নং-০৬/২০১৮ এর মাধ্যমে জারীকৃত ‘ঋণ ও অগ্রিমের সুদ হার পুনঃনির্ধারণ’ এবং ১৮.০৪.২০১৯ তারিখে ঋণঅবি-১ সার্কুলার নং-০১/২০১৯ এর মাধ্যমে জারীকৃত ‘লেভিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল’ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসরণে গত ২৮.০৮.২০১৮ তারিখে অনুষ্ঠিত Asset Liability Committee (ALCO) এর ৫২তম সভার সুপারিশের প্রেক্ষিতে ০৯.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৮২তম সভার অনুমোদনক্রমে এ ব্যাংকের ঋণ ও অগ্রিমের সুদ হার Single Digit অর্থাৎ ৯% এ পুনঃনির্ধারণ করে ১৬.০৯.২০১৮ তারিখে ঋণঅবি-১ সার্কুলার নং-০৬/২০১৮ মাঠ পর্যায়ে জারী করা হয় যা ০১.১০.২০১৮ তারিখ হতে অদ্যাবধি কার্যকর রয়েছে। উল্লিখিত সার্কুলারের ৪নং অনুচ্ছেদে ঋণের উপর সুদ আরোপের বিষয়ে নিম্নরূপ উল্লেখ রয়েছে:

“কৃষি ঋণ (শস্য, মৎস্য, প্রাণিসম্পদ, খামার ও সেচ যন্ত্রপাতি এবং আর্থ-সামাজিক কর্মকাণ্ড) ব্যতিত অন্যান্য ঋণের ক্ষেত্রে মঞ্জুরিপত্রের শর্ত মোতাবেক ঋণটি পরিচালনায় ব্যর্থ হলে অতিরিক্ত ২% হারে দন্ডসুদ আরোপযোগ্য হবে।”

এছাড়া গত ২৮.০৩.২০১৯ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৪৯৪তম সভার অনুমোদনক্রমে ১৮.০৪.২০১৯ তারিখে ঋণঅবি-১ সার্কুলার নং-০১/২০১৯ এর মাধ্যমে মাঠ পর্যায়ে জারীকৃত ‘লেভিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল’ এর ৬ষ্ঠ অধ্যায়ের ৬.২ নম্বর অনুচ্ছেদ এর (চ) ক্রমিকেও বিষয়টির উল্লেখ করা হয়েছে।

ঋণের উপর সুদ আরোপ পদ্ধতি বিষয়ে ‘মঞ্জুরিপত্রের শর্ত’ বিবেচনার ক্ষেত্রে মাঠ পর্যায়ে বিভ্রান্তি দেখা দিয়েছে। শাখা পর্যায়ে ‘মঞ্জুরিপত্রের শর্ত’ বোঝাতে অধিকাংশ ক্ষেত্রেই মঞ্জুরিপত্রে উল্লেখ আছে এমন যেকোন শর্ত বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট ঋণ হিসাবে অতিরিক্ত ২% হারে সুদ আরোপ করা হচ্ছে। কিছু শাখা কেবলমাত্র গুরুত্বপূর্ণ শর্ত পরিপালন বিবেচনায় নিয়ে ঋণ হিসাবে সুদের হিসাবায়ন করছে। তদপ্রেক্ষিতে মাঠ পর্যায়ে নিরীক্ষা আপত্তিসহ এ বিষয়ে মতপার্থক্য সৃষ্টি হচ্ছে।

(চলমান পাতা-২)

ঋণঅবি-১ সার্কুলার লেটার নং-০২/২০১৯

তারিখ: ১৬.০৯.২০১৯

এ সমস্যা নিরসনকল্পে গত ০৯.০৯.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫০৩তম সভার অনুমোদনক্রমে ঋণঅবি-১ সার্কুলার নং-০৬/২০১৮ এর ৪নং অনুচ্ছেদ এবং 'লেডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ৬ষ্ঠ অধ্যায়ের ৬.২ নম্বর অনুচ্ছেদ এর (চ) ক্রমিক নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

“ঋণের সুদের সাথে অতিরিক্ত কোন সার্ভিস চার্জ আদায় করা যাবে না। তবে কৃষি ঋণ (শস্য/ফসল, মৎস্য সম্পদ, প্রাণিসম্পদ, খামার ও সেচ যন্ত্রপাতি ও দারিদ্র্য বিমোচন/আর্থ-সামাজিক কর্মকাণ্ড ইত্যাদি) ব্যতিত অন্যান্য ঋণের ক্ষেত্রে ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক ভিত্তিতে (প্রযোজ্য ক্ষেত্রে) আরোপিত সুদ সুদারোপের তারিখের মধ্যে ঋণগ্রহীতা কর্তৃক পরিশোধ/সমন্বয় এবং ঋণ পরিশোধের সময়সীমার (Due date) মধ্যে ঋণের অর্থ সুদসহ সম্পূর্ণ পরিশোধ/নবায়ন করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঋণ হিসাবে অতিরিক্ত ২% হারে সুদ আরোপ করতে হবে।”

ইহা অবিলম্বে কার্যকর হবে। এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনাদের বিশ্বস্ত



১৬.০৯.২০১৯

(শওকত শহীদুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

সূত্র নং- প্রকা/ঋণঅবি-১/৪৪/২০১৯-২০২০/১৯৯(৪৫৩)

তারিখ: ১৬.০৯.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ০৯। সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। অফিস নথি/মহানথি।



১৬.০৯.২০১৯

(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)

মুখ্য কর্মকর্তা